**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

**সংবাদ গতিধারা**
**ঢাকা, মঙ্গলবার ২০ সেপ্টেম্বর ২০১৬, ৫ আশ্বিন ১৪২৩**
**আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :**

১। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নিউইয়র্কে বিপুল সংবর্ধনা

২। নিউইয়র্কে অং সান সুচির সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বৈঠক

৩। অভিবাসীদের অধিকার সুরক্ষা করতে হবে : প্রধানমন্ত্রী

৪। তথ্যপ্রযুক্তির মেলা ডিজিটাল ওয়ার্ল্ড হবে অক্টোবর মাসে : অর্থমন্ত্রী

৫। ইভটিজিংয়ের বিরুদ্ধে সর্বাত্মক ব্যবস্থা গ্রহণের নির্দেশ শিক্ষামন্ত্রীর

৬। পরিবহণ সেক্টরে শৃঙ্খলা ফেরানোই বড় চ্যালেঞ্জ : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

৭। সন্ত্রাসে অর্থায়ন বন্ধে বাংলাদেশের সাফল্যের প্রশংসা

৮। ফিলিপাইন্স থেকে বাংলাদেশ ব্যাংকের চুরি যাওয়া রিজার্ভের দেড় কোটি ডলার আসছে

৯। গুলশান-শোলাকিয়া হামলায় যোগান দেয়া অর্থ হুন্ডির মাধ্যমে এসেছে

১০। সারাদেশে কাজ করবে কাউন্টার টেররিজম ইউনিট

১১। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রোবটসহ গোয়েন্দা সামগ্রী জব্দ

চলমান পাতা/২

**১। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নিউইয়র্কে বিপুল সংবর্ধনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে যোগ দিতে বিপুল সংবর্ধনার মধ্যে মন্ট্রিল থেকে নিউইয়র্কে পৌঁছেছেন। প্রধানমন্ত্রী ও তার সফরসঙ্গীদের বহনকারী এয়ার কানাডার একটি ফ্লাইট নিউইয়র্কের লা গার্ডিয়া বিমানবন্দরে অবতরণ করে ১৮ সেপ্টেম্বর রোববার স্থানীয় সময় বিকাল ৩টায়। এ সময় বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে স্বাগত জানান যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ জিয়াউদ্দিন, রাষ্ট্রদূত ও জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি মাসুদ বিন মোমেন এবং প্রবাসী বাংলাদেশিরা। সূত্র- **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক, সংবাদ,ভোরের কাগজ, যায়যায়দিন, জনকণ্ঠ, নিউজ টুডে, বাংলাদেশ টুডে** ছবিসহ এ বিষয়ে ছবি ছেপেছে।

**২। নিউইয়র্কে অং সান সুচির সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বৈঠক**

জাতিসংঘের সাধারণ অধিবেশনে যোগ দিতে নিউইয়র্কে অবস্থানরত প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠক করেছেন মিয়ানমারের স্টেট কাউন্সিলর ও পররাষ্ট্রমন্ত্রী অং সান সুচি। গতকাল ১৯ সেপ্টেম্বর সোমবার নিউইয়র্কে জাতিসংঘের সদর দফতরে তারা এ বৈঠক করেন। বৈঠকে নিজ নিজ দেশে গণতন্ত্র প্রতিষ্ঠায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও অং সান সুচি আন্তরিকভাবে কথা বলেন। সূত্র- **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **যুগান্তর (শেষ পৃ.,ক.৮), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৫),**

**৩। অভিবাসীদের অধিকার সুরক্ষা করতে হবে : প্রধানমন্ত্রী**

অভিবাসী ও শরণার্থীদের অধিকার সংরক্ষণের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ১৯ সেপ্টেম্বর সোমবার বলেছেন, অভিবাসন বিষয়টি সার্বিকভাবে মোকাবিলায় বিশ্বকে পারস্পরিক দায়িত্বশীলতার ওপর ভিত্তি করে একটি সাধারণ সমঝোতায় পৌঁছতে হবে। তিনি বলেন, 'যে কোনো পরিস্থিতিতে তাদের মর্যাদা নির্বিশেষে অভিবাসীদের অধিকার সুরক্ষা করতে হবে এবং বিশ্বব্যাপী আমাদের বিভিন্ন জনগোষ্ঠীর মধ্যে সম্প্রীতি, অভিবাসী এবং শরণার্থীদের অধিকার সংরক্ষণ সমানভাবে গুরুত্বপূর্ণ।' প্রধানমন্ত্রী সোমবার জাতিসংঘ সদর দফতরে সাধারণ পরিষদের প্লেনারির একটি উচ্চপর্যায়ের সভায় শরণার্থী এবং অভিবাসীদের সম্পর্কে এসব কথা বলেন। সূত্র- **জনকণ্ঠ (পৃ.১,ক.৪), প্রথম আলো (পৃ.২,ক.২), ডেইলি সান (পৃ.১,ক.৭)।**

**৪। তথ্যপ্রযুক্তির মেলা ডিজিটাল ওয়ার্ল্ড হবে অক্টোবর মাসে : অর্থমন্ত্রী**

সবচেয়ে বড় তথ্যপ্রযুক্তির মেলা 'ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৬' শুরু হবে ১৯ অক্টোবর। 'ননস্টপ বাংলাদেশ' স্লোগানে তিন দিনব্যাপী মেলা চলবে। এত ৪০টি মন্ত্রণালয় অংশ নেবে। সেখানে বিভিন্ন পর্যায়ে তথ্যপ্রযুক্তি ব্যবহারের বিষয়টি তুলে ধরা হবে। গতকাল ১৯ সেপ্টেম্বর সোমবার সচিবালয়ে ডিজিটাল ওয়ার্ল্ড উপদেষ্টা কমিটির বৈঠক শেষে এ তথ্য জানান অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। অর্থমন্ত্রী বলেন, মেলায় প্রায় একশ' বিদেশী বক্তা থাকবেন বলে আশা করছি। এ মেলার বিষয়ে বিভিন্ন সার্কেল থেকে গুরুত্বপূর্ণ সাড়া পাওয়া যাচ্ছে। সূত্র- **যুগান্তর** (পৃ.১৫,ক.২), **প্রথম আলো** (পৃ.১৫,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৩)।

**৫। ইভটিজিংয়ের বিরুদ্ধে সর্বাত্মক ব্যবস্থা গ্রহণের নির্দেশ শিক্ষামন্ত্রীর**

দেশের নারী শিক্ষা নির্বিঘ্ন করতে ইভটিজিং প্রতিরোধে সর্বাত্মক ব্যবস্থা গ্রহণের জন্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেছেন, শিক্ষা প্রতিষ্ঠানে যাতায়াতসহ ছাত্রীদের চলাফেরায় নিরাপত্তা বিধানে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। নারী শিক্ষা বিস্তারে সরকারের বিভিন্ন কর্মসূচী ফলপ্রসূ করতে সমাজ থেকে ছাত্রী লাঞ্ছনা পুরোপুরি নির্মূল করতে হবে। গতকাল ১৯ সেপ্টেম্বর সোমবার শিক্ষা মন্ত্রণালয়ে নিজ দফতরে আয়োজিত এক বৈঠকে শিক্ষামন্ত্রী এ আহ্বান জানান। সূত্র- **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬), **সংবাদ (পৃ.৪,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.৩,ক.২), নিউজ টুডে (পৃ.২,ক.৬)।**

**৬। পরিবহণ সেক্টরে শৃঙ্খলা ফেরানোই বড় চ্যালেঞ্জ : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

ঈদে সড়ক দুর্ঘটনায় অনেক মানুষ মারা গেছে বলে স্বীকার করে এজন্য চালকদের বেপরোয়া ও অসংযতভাবে গাড়ি চালনাকেও দায়ী করেছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। বিশৃঙ্খল সড়ক ও পরিবহণ সেক্টরে শৃঙ্খলা ফিরিয়ে আনাকেই বড় চ্যালেঞ্জ হিসেবে নিয়ে তিনি বলেন, এটা অতিক্রম করতেই হবে। গতকাল ১৯ সেপ্টেম্বর সোমবার দুপুরে ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) মিলনায়তনে ডিআরইউ আয়োজিত 'মিট দ্য

রিপোর্টার্স’ অনুষ্ঠানে এসব কথা বলেন মন্ত্রী ওবায়দুল কাদের।

সূত্র- **ইনকিলাব** (পৃ.১,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৭। সন্ত্রাসে অর্থায়ন বন্ধে বাংলাদেশের সাফল্যের প্রশংসা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে সন্ত্রাস বিরোধী ও সন্ত্রাসে অর্থায়ন বন্ধে বাংলাদেশ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে উল্লেখযোগ্য সফলতা ও প্রশংসা অর্জন করেছে। এছাড়া বিশ্বের বিভিন্ন সংঘাতপূর্ণ এলাকায় জাতিসংঘের শান্তিরক্ষা মিশনে বাংলাদেশের সর্বোচ্চ অবদান অব্যাহত রয়েছে। সেন্টার ফর রিসার্চ এন্ড ইনফরমেশনের (সিআরআই) এক প্রকাশনায় এ তথ্য প্রকাশিত হয়। জাতিসংঘ সাধারণ পরিষদে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উচ্চ পর্যায়ের সফরকে লক্ষ্য করে বর্তমান সরকারের বিভিন্ন সাফল্য এতে তুলে ধরা হয়। সূত্র- **জনকণ্ঠ (পৃ.২,ক.১), নিউজ টুডে** (পৃ.৩,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৩)।

**৮। ফিলিপাইন্স থেকে বাংলাদেশ ব্যাংকের চুরি যাওয়া রিজার্ভের দেড় কোটি ডলার আসছে**

বাংলাদেশ ব্যাংকের চুরি যাওয়া রিজার্ভের যে অর্থ উদ্ধার করা হয়েছে, তা ফেরত দেওয়ার আদেশ জারি করেছেন ফিলিপাইনের একটি আদালত। এই অঙ্কের পরিমাণ **১৫** দশমিক **২৫** মিলিয়ন বা দেড় কোটি ডলার। গতকাল **১৯** সেপ্টেম্বর সোমবার দেশটির রিজিওনাল ট্রায়াল কোর্ট এক শুনানি শেষে অর্থ ফিরিয়ে দিতে এ আদেশ জারি করেন। দেশটির ডিপার্টমেন্ট অব জাস্টিস (ডিওজে) জানিয়েছেন, ওই অর্থের আইনসম্মত মালিক এখন বাংলাদেশ। এদিকে বাংলাদেশ ব্যাংক জানিয়েছে, আদালতের এ রায়ের মধ্য দিয়ে ফিলিপাইনে বাংলাদেশ ব্যাংকের রিজার্ভের যে ৮১ মিলিয়ন ডলার চুরি করে নিয়ে যাওয়া হয়েছিল তার মালিকানা নিয়ে আর কোনো বিতর্ক থাকল না। আদালতের আদেশের ফলে খুব শীঘ্রই দেড় কোটি ডলার ফেরত পাওয়া যাবে। বাকি অর্থ পুরোপুরি ফেরত পাওয়ার আশা করছে কেন্দ্রীয় ব্যাংক। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে (পৃ.১,ক.৬), ইন্ডিপেনডেন্ট, বাংলাদেশ টুডে, নিউ এজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৯। গুলশান-শোলাকিয়া হামলায় যোগান দেয়া অর্থ হুন্ডির মাধ্যমে এসেছে**

গুলশান ও শোলাকিয়ায় হামলার ঘটনায় যোগান দেওয়া অর্থ ও অস্ত্র দেশের বাইরে থেকে এসেছে বলে জানিয়েছেন ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) অতিরিক্ত কমিশনার ও কাউন্টার টেররিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল সাইবার ক্রাইম ইউনিট প্রধান মনিরুল ইসলাম। তিনি বলেন, ওই ঘটনার আগে একটি হুন্ডি চালানে একসঙ্গে **১৪** লাখ টাকা আসে। এই অর্থ কে গ্রহণ করেছে, তাও আমাদের তদন্তে বেরিয়ে এসেছে। তাকে গ্রেফতারের চেষ্টা চলছে। গতকাল **১৯** সেপ্টেম্বর সোমবার ডিএমপির মিডিয়া সেন্টারে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এই তথ্য জানান। সূত্র- **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ (পৃ.১,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.২), বাংলাদেশ টুডে(পৃ.১,ক.৫), সংবাদ, প্রথম আলো, ডেইলি স্টার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১০। সারাদেশে কাজ করবে কাউন্টার টেররিজম ইউনিট**

ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) কাউন্টার টেররিজম ও ট্রান্সন্যাশনাল ক্রাইম (সিটিটিসি) ইউনিটকে দেশের যে কোনো জায়গায় কার্যক্রম চালানোর ক্ষমতা দেওয়া হয়েছে। সম্প্রতি এক অফিস আদেশে ডিএমপির বিশেষায়িত ইউনিটকে এ ক্ষমতা দেওয়া হয়। তবে ওই অফিস আদেশে শর্তসাপেক্ষে অভিযান ও সুনির্দিষ্ট কার্যক্রম চালানোর কথা বলা হয়েছে। সূত্র- **সমকাল** (শেষ পৃ.,ক.১), **যায়যায়দিন** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.১)।

**১১। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রোবটসহ গোয়েন্দা সামগ্রী জব্দ**

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে **১৫** কেজি ওজনের একটি বিশেষ রোবটসহ (হেলথ কেয়ার রোবট) গোয়েন্দা সামগ্রী জব্দ করেছে শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদফতর। মিথ্যা ঘোষণা দিয়ে খেলনা ও কম্পিউটার সামগ্রী হিসেবে খালাসের চেষ্টাকালে এয়ারফ্রেইট ইউনিটের বাইরে থেকে এগুলো আটক করা হয়। শুল্ক অধিদফতরের ডিজি ড মঈনুল খান জানান, পণ্য চালানের বিষয়ে গোপন সংবাদ থাকায় গত ৮ সেপ্টেম্বর শাহজালালের এয়ারফ্রেইটের **১**নং গেট দিয়ে বের করার পর শুল্ক গোয়েন্দারা ২৪টি কার্টন পণ্য চালানটি সাময়িক

আটক করে। **সূত্র-জনকণ্ঠ** ( শেষ পৃ.,ক.৮), **সংবাদ** ( শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **বাংলাদেশ টুডে**(পৃ.১,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** রাজধানীর গুলিস্তানে উড়াল ফুটপাত নির্মাণ করার উদ্যোগকে স্বাগত জানিয়ে রাজধানীর ফুটপাতগুলি চলাচলের উপযোগী করতে অতি দ্রুত আইনানুগ পদক্ষেপ গ্রহণের আহ্বান।

খ. **সংবাদ :** সড়ক দুর্ঘটনা রোধে দুর্ঘটনার জন্য দায়ীদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণের পাশাপাশি ট্রাফিক আইনের কঠোর প্রয়োগের প্রত্যাশা।

গ. **সমকাল :** সরকারি হাসপাতালে দুর্নীতি কমিয়ে রোগীদের সুবিধা বাড়াতে স্বাস্থ্য মন্ত্রণালয়কে দুর্নীতির বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ঘ. **যুগান্তর :** শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয়করণের ক্ষেত্রে দুর্নীতি ও স্বজনপ্রীতি যেকোনো উপায়ে রোধ করার সুপারিশ।

ঙ. **ডেইলি স্টার, নিউ নেশন, প্রথম আলো :** খুনের মামলার জন্য অভিযুক্ত টাঙ্গাইল-৩ আসনের সাংসদ আমানুর রহমান ওরফে রানা আদালতে আত্মসমর্পনের পর আদালত তাকে সরাসরি কারাগারে পাঠানোয় স্বস্তি প্রকাশ করে সুষ্ঠু বিচারের মাধ্যমে তার অপরাধের জন্য শাস্তি নিশ্চিত করার মাধ্যমে আইন যে সবার জন্য সমান তা প্রতিষ্ঠিত করার আহ্বান।

চ. **ডেইলি সান, নিউ এজ, যায়যায়দিন :** মাদারীপুরের কালকিনি উপজেলায় ইভটিজিং এর শিকার হয়ে নিতু মন্ডল নামের এক ছাত্রী মৃত্যুর ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এর জন্য দায়ী ব্যক্তিকে কঠোর দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে সড়কপথে নিয়মিতভাবে যেভাবে মানুষের মৃত্যু হচ্ছে, তাকে দুর্ঘটনাজনিত ব্যাপার না বলে হত্যাকাণ্ড বলাই অধিকতর সঙ্গত বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'হাওর অর্থনীতি : খাদ্য নিরাপত্তা ও সুষম উন্নয়ন'** শিরোনামের নিবন্ধে ড. মিহির কুমার রায় হাওর অর্থনীতি যদি সচল হয় তবে দেশের খাদ্য নিরাপত্তায় বিশেষ অবদান রাখবে এবং সুষম উন্নয়ন সাধন করা সম্ভব হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/মরজিনা/সাঈদা/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা